

চারুকলায় ভর্তির প্রশ্নপত্র ফাঁস

যুগান্তর রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটে গত শনিবার অনুষ্ঠিত অনার্স (২০০২-২০০৩) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় সাধারণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষা প্রশ্নপত্র : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

প্রশ্নপত্র : চারুকলা

(শেষ পৃষ্ঠার পর)

আবার গ্রহণের দাবি জানিয়েছে ইনস্টিটিউটের একজন জুনিয়র শিক্ষক নজিরবিহীন আপীয়াতির আশ্রয় নিয়ে চারুকলার অনার্স ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করেছেন। চারুকলা ইনস্টিটিউটের ইতিহাসে এই প্রথমবারের মতো ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। এই ক্ষেত্রে ইনস্টিটিউটের সাধারণ ছাত্রছাত্রীরা আন্দোলনমূলক হয়ে উঠেছে। গতকাল সাধারণ ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষা নিয়ে ৬টি সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ইনস্টিটিউটের পরিচালকের কাছে ৩ দফা দাবি পেশ করেছে। দাবিগুলোর মধ্যে রয়েছে ভর্তি পরীক্ষা আবার গ্রহণ, দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি ১০ সংশ্লিষ্ট শিক্ষকের বহিষ্কার এবং প্রশাসনিক অনিয়ম ও দুর্নীতি বন্ধ করা।

ইনস্টিটিউটের ওই শিক্ষক দ্বারা পরিচালিত একটি কোচিং সেন্টারের ৩টি মডেল টেস্টের প্রশ্নের সঙ্গে চারুকলার ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের প্রায় মিল রয়েছে। এর মধ্যে দুই নম্বর মডেল টেস্টের ২৯টি প্রশ্নই ভর্তি পরীক্ষার প্রশ্নের সঙ্গে ছব্ব মিলে গেছে। এমনকি ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের একটি ভুল শব্দ কোচিং সেন্টারের মডেল টেস্টে একই রকম রয়েছে। ছাত্রছাত্রীদের অভিযোগ, ওই শিক্ষক তার কোচিং সেন্টারের ছাত্রছাত্রীদের চারুকলায় নিশ্চিত ভর্তি করে দেয়ার লোভ দেখিয়ে জনপ্রতি ১৪ হাজার টাকা কোচিং ফি আদায় করেছেন। এ পরিমাণ ফি চারুকলার ইতিহাসেও কেউ দেয়নি এবং নেয়নি। ভর্তি পরীক্ষার অনিয়ম ও বিশৃঙ্খলার প্রতিবাদে গতকাল বেলা ১টায় চারুকলার সাধারণ ছাত্রছাত্রীদের প্রতিবাদ সভা থেকে পরিচালকের কাছে প্রায় সাড়ে চারশ ছাত্রছাত্রীর স্বাক্ষরসহ স্মারকলিপি প্রদান করা হয়। অবিলম্বে স্মারকলিপির ৩ দফা দাবি না মানা হলে ছাত্রছাত্রীরা ছাত্র ধর্মঘটসহ বৃহত্তর কর্মসূচি নেয়ার হুমকি দিয়েছে।